জেলা পরিষদ কার্যালয়
মৌলভীবাজার।

স্মারক নংঃ ৪৬.০০.৫৮০০.০০১.০৬.০০১.০৮.০১                                        তারিখ ঃ ০১-০১-২০২৬ খ্রিঃ

**মাধবকুন্ড মার্কেট এর ০৮ (আট) টি দোকান পুনঃ ইজারার বিজ্ঞপ্তি**

জেলা পরিষদ মৌলভীবাজার কর্তৃক বড়লেখা উপজেলার মাধবকুন্ডস্থ মার্কেটের ০৮ টি দোকান পৃথক পৃথক ভাবে মাসিক ভাড়ার ভিত্তিতে ০১-০১-২০২৬ ইং হতে ৩১-১২-২০২৮ ইং পর্যন্ত ৩ (তিন) বছর মেয়াদে ইজারা প্রদান করা হবে। ইজারা/ভাড়া গ্রহনে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।

| আহবান | মাধবকুন্ড মার্কেট | দরপত্র বিক্রয়ের তারিখ | দরপত্র দাখিলের তারিখ |
|---|---|---|---|
| ৪র্থ | ঐ | ১৩/০১/২০২৬ ইং | ১৪/০১/২০২৬ ইং |
| ৫ম | ঐ | ২০/০১/২০২৬ ইং | ২১/০১/২০২৬ ইং |
| ৬ষ্ঠ | ঐ | ২৭/০১/২০২৬ ইং | ২৮/০১/২০২৬ ইং |

মাসিক ভাড়ার সর্বোচ্চ দরদাতাকে ইজারা প্রদান করা হবে। দরপত্রের সহিত মাধবকুন্ড মার্কেটের জন্য উদ্ধৃত মূল্যের ছয় মাসের অগ্রিম ভাড়া তৎসহ ১৫% ভ্যাট , ১০% আয়কর ও মাধবকুন্ড মার্কেটের ১ নং, ১০ নং দোকান প্রতি ১,০০,০০০/- টাকা ও ৩ নং, ৫ নং, ৬ নং, ৭ নং, ৮ নং, ৯ নং দোকান প্রতি ৩০,০০০/- টাকা জামানতসহ পৃথক পৃথক ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর মাধ্যমে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, মৌলভীবাজার বরাবরে দরপত্রের সাথে জমা দিতে হবে। দরপত্রে উল্লেখিত বিভিন্ন আহবানের তারিখ অনুযায়ী প্রত্যেক ডাকে অংশ গ্রহনের ২০০/- (দুইশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যে অফিস চলাকালীন সময়ে জেলা পরিষদ কার্যালয়, মৌলভীবাজার হতে দরপত্র সিডিউল ক্রয় করা যাবে এবং বর্ণিত দরপত্র দাখিলের তারিখ অনুযায়ী অফিস চলাকালীন সময়ে বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত জেলা পরিষদ, মৌলভীবাজারে রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহন করা হবে এবং ঐ দিনই বেলা ১.৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। এই বিজ্ঞপ্তি সংক্রান্ত বিস্তারিত তথ্যাবলী নির্ধারিত তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে অত্রাফিস হতে জানা যাবে।

কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা সংরক্ষন করেন।

(স্বা:)
(শামীমা খন্দকার)
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, মৌলভীবাজার
তারিখ-০১-০১-২০২৬ খ্রিঃ

স্মারক নং- ৪৬.০০.৫৮০০.০০১.০৬.০০১.০৮.০১

অনুলিপি ঃ সদয় অবগতির জন্য -

১। পরিচালক, স্থানীয় সরকার, সিলেট বিভাগ, সিলেট।
২। প্রশাসক, জেলা পরিষদ, মৌলভীবাজার।
৩। পুলিশ সুপার, মৌলভীবাজার।

অনুলিপি ঃ অবগতি ও বহুল প্রচারের প্রয়েজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহকারে প্রেরণ করা হলো-

৪। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বড়লেখা, মৌলভীবাজার।
৫। সহকারী প্রকৌশলী, জেলা পরিষদ, মৌলভীবাজার।
০৬। প্রশাসক, বড়লেখা পৌরসভা, মৌলভীবাজার।
০৭। সাটলিপিকার,জেলা পরিষদ, মৌলভীবাজার বিজ্ঞপ্তিটি জেলা পরিষদের ওয়েব সাইট, www.zpmoulvibazar.org এ প্রচারের ব্যবস্থা গ্রহনের জন্য বলা হলো।
০৮। চেয়ারম্যান ------------------------------ইউনিয়ন পরিষদ, বড়লেখা, মৌলভীবাজার। অবগতিও বহুল প্রচারের জন্য।
০৯। সাবেক ইজারাদার ----------------------------------------------------------------।
১০। অফিস কপি।
১১। নোটিশ বোর্ড।

০১/০১/২৬
প্রধান নির্বাহী কর্মকর্তা (উপসচিব)
জেলা পরিষদ, মৌলভীবাজার।